



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ১১৫৭

তারিখ: ০৫.০৬.২০২৩ খ্রি.

বিষয়: ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বিষয়ভিত্তিক যান্মাসিক সামষ্টিক মূল্যায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সম্প্রতি টাঙ্গাইল জেলার বাসাইল উপজেলার কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যান্মাসিক মূল্যায়নের পরিবর্তে গতানুগতিক প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষা নেওয়ার আয়োজনের বিষয়টি মাউশি অধিদপ্তরের গোচরীভূত হওয়ায় তাৎক্ষণিক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে তা বন্ধ করে দেওয়া হয়। নতুন কারিকুলাম বিস্তরণ ও মূল্যায়নের সুনির্দিষ্ট নির্দেশিকা থাকা সত্ত্বেও তা লঙ্ঘন করে এহেন অনভিপ্রেত কাজ করার প্রেক্ষিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

এমতাবস্থায়, ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যান্মাসিক মূল্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নতুন কারিকুলাম বিস্তরণ ও মূল্যায়নের নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)

সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

ফোন ৪১০৫০১১৮

addshesecondary2@gmail.com

বিতরণ:

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সখিপুর, টাঙ্গাইল

স্মারকনং- উমাশিঅ/ সখি/ ২০২৩/ ১২৫ (৭৮)

তারিখ: ০৫/০৬/২০২৩ খ্রি.

পত্রের নির্দেশনা মোতাবেক তার প্রতিষ্ঠানের ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যান্মাসিক মূল্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে নতুন কারিকুলাম বিস্তরণ ও মূল্যায়নের নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

..... স্কুল/মাদ্রাসা

সখিপুর, টাঙ্গাইল।

সদয় জ্ঞাতার্থে :

০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।

(মোঃ রহমান আনম)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

সখিপুর, টাঙ্গাইল

মোবাইল : ০১৭১২-১১৫৪৫৯